



ওয়াশিংটন বাংলা

The Washington Bangla

The ONLY Bangla Newspaper from Greater Washington DC.



Tuesday July 15, 2008, Vol:01, Issue:01,



স্বপ্নের বাংলাদেশ গড়তে সকলে একযোগে কাজের অঙ্গিকার নিউইয়র্কে ফোবানার ৪ দিনের বর্ণাঢ্য অনুষ্ঠানমালার সমাপ্তি

এনা, নিউইয়র্ক থেকেঃ স্বপ্নের বাংলাদেশ গড়তে সকলে একযোগে কাজের অঙ্গিকার ব্যক্ত করার মাধ্যমে নিউইয়র্কে ফোবানার ৪ দিনের বর্ণাঢ্য অনুষ্ঠানমালার সমাপ্তি ঘটলো সোমবার ভোর রাতে। বিশ্বের রাজধানী হিসেবে খ্যাত ম্যানহাটানে হিল্টন হোটেলের বিশাল বলরুমে বিপুলসংখ্যক প্রবাসীর হর্ষধ্বনির মধ্যে ফোবানার এ সম্মেলনের প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ এস এম এ ফায়েজ তাঁর সমাপনী বক্তব্যে উল্লেখ করেন, বাংলাদেশ আবার মাথা উঁচু করে দাঁড়াবে, বাংলাদেশের ইমেজ আবার মহিমাম্বিত হবে। তবে এজন্যে আমাদের সকলকে একান্তরের চেতনায় ঐক্যবদ্ধ হতে হবে। তবে এজন্যে আমাদের সকলকে একান্তরের চেতনায় ঐক্যবদ্ধ হতে হবে। (বাকি অংশ ১০ এর পাতায়)



তসলিমা নাসরিন প্যারিসের সম্মানসূচক নাগরিক হচ্ছেন

ডেস্ক রিপোর্টঃ বাংলাদেশী ঔপন্যাসিক তসলিমা নাসরিনকে ফ্রান্সের রাজধানী প্যারিসের সম্মানসূচক নাগরিক হিসেবে ভূষিত করা হবে। (বাকি অংশ ৮ এর পাতায়)



স্থানীয় নির্বাচন এখন পুরোপুরি রাজনৈতিক দলের নিয়ন্ত্রণে

ডিওবিডি, ঢাকা থেকেঃ নির্দলীয় স্থানীয় নির্বাচন এখন পুরোপুরি রাজনৈতিক দলের নিয়ন্ত্রণে। রাজধানী ঢাকা থেকেই ঠিক হচ্ছে কোন সিটি কর্পোরেশনে কে প্রার্থী হবেন। রাজনৈতিক দলগুলো দলীয় নেতাদের আনুষ্ঠানিকভাবে প্রার্থী হিসাবে মনোনয়ন দিচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, এর মাধ্যমে রাজনৈতিক দলগুলো সংবিধানের মূল চেতনা বিরোধী কাজ করছে এবং নির্বাচনী আইন ভঙ্গ করছে। তবে নির্বাচন কমিশন (ইসি) বলছে, নির্বাচনী আইন ভঙ্গ হলেও রাজনৈতিক দলের এসব কর্মকাণ্ড বন্ধ করতে তারা অপারগ। (বাকি অংশ ১৬ এর পাতায়)

বাংলাদেশ ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ইতিহাস সৃষ্টি, বিমান-বোয়িং ২.৫ বিলিয়ন ডলার চুক্তি স্বাক্ষরিত

ডিওবিডি, ওয়াশিংটন ডিসি থেকেঃ ইতিহাস সৃষ্টি করল বাংলাদেশ। সেই সাথে ইতিহাস সৃষ্টি করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। গত ২৫ জুন বুধবার যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব কমার্স ডিপার্টমেন্টে আমেরিকান বিমান কোম্পানি বোয়িং এর সাথে ১০টি বোয়িং বিমান ৭৭৭ ও ৭৮৭ ক্রয় চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ বিমান ইতিহাস সৃষ্টি করল। (বাকি অংশ ২০ এর পাতায়)

বাংলাদেশের কাছে ট্রানজিট চেয়ে আনুষ্ঠানিক প্রস্তাব দেবে ভারত

ডিওবিডি, ঢাকা থেকেঃ বাংলাদেশের কাছে ট্রানজিট চেয়ে আনুষ্ঠানিক প্রস্তাব দেবে ভারত। উলফা নেতা অনুপ চেটিয়াসহ যেসব সন্ত্রাসী এদেশে আটক আছে, ভারত চায় তাদের ভারতের হাতে তুলে দেয়া হোক। (বাকি অংশ ১৬ এর পাতায়)

পরিবেশ বিপর্যয় থেকে বাংলাদেশকে রক্ষায় প্রবাসীদের ভূমিকা আলোকে দুদিনের কর্মশালা হচ্ছে নিউইয়র্কে

এনা, নিউইয়র্ক থেকেঃ পরিবেশের মহাবিপর্য়য়ের আশংকা থেকে বাংলাদেশকে রক্ষায় প্রবাসীরা (বাকি অংশ ৮ এর পাতায়)

মালয়েশিয়া বাংলাদেশ হাইকমিশনের ২ কর্মকর্তা প্রত্যাহার

ডেস্ক রিপোর্টঃ দুর্নীতির অভিযোগে প্রত্যাহার করা হয়েছে মালয়েশিয়ায় বাংলাদেশ হাই কমিশনের দুই প্রতাপশালী কর্মকর্তাকে। এরা হলো হাইকমিশনের শ্রম শাখার প্রশাসনিক কর্মকর্তা রোকেয়া বেগম (বাকি অংশ ৮ এর পাতায়)

নিউইয়র্কে ফোবানা সম্মেলনে বিশিষ্ট ব্যক্তিদের পুরস্কার প্রদান

ডিওবিডি, নিউইয়র্ক থেকেঃ নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনুস, অস্কার বিজয়ী নাফিজ, পণ্ডিত রবি শংকর, জর্জ হ্যারিসন ও ওসমান চৌধুরীসহ অন্যান্য কৃতি বাংলাদেশিকে (বাকি অংশ ৯ এর পাতায়)

লন্ডনের হিথ্রো এয়ারপোর্ট এখন বাঙ্গালী শিক্ষার্থীদের ডেঞ্জারজোন

সোয়েব উদ্দিন কবীর সোহেল, লন্ডন থেকেঃ স্বপ্নের শহর লন্ডনে পড়তে আসার ভিসা পাওয়ার পরও অনেকের স্বপ্ন চূর্ণ বিচূর্ণ হয়ে যাচ্ছে লন্ডনের হিথ্রো এয়ারপোর্টে পৌছে। বাংলাদেশ থেকে বিদায় নিয়ে (বাকি অংশ ৯ এর পাতায়)